# নিয়োগ বিজ্ঞপ্তি

**০৩/০৫/২০২৬ ইং**

রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) একটি জাতীয় পর্যায়ের বে-সরকারী উন্নয়নমূলক সংস্থা। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি এমআরএ সনদ প্রাপ্ত, সনদ নং-০০১৯৩-০০০২৮-০০৩৭৪। বর্তমানে আরডিএস পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), বিভিন্ন বানিজ্যিক ব্যাংক ও দাতা সংস্থার অর্থায়নে শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল ও গাজীপুর জেলার প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে ক্ষুদ্রঋণের পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্য ও কৃষি বিষয়ে বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। প্রতিষ্ঠানের কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে নিয়োগ প্যানেল তৈরীর জন্য জরুরী ভিত্তিতে নিম্নে বর্ণিত পদ ও শর্ত অনুযায়ী উন্নয়ন কর্মী নিয়োগ দেওয়া হবে। বর্ণিত পদ সমূহে নিয়োগ পেতে আগ্রহী, সৎ, পরিশ্রমী ও উদ্যমী প্রার্থীদের নিকট থেকে স্বহস্তে লিখিত আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম, বয়স | শিক্ষাগত যোগ্যতা ও বেতন |
|---|---|
| **প্রোগ্রাম ম্যানেজার (মাইক্রোক্রেডিট)**<br>**গ্রেড- (III), বয়স ঃ সর্বোচ্চ ৫০ বছর।**<br>**পদ সংখ্যা- ২টি (পুরুষ)।** | স্নাতক/স্নাতকোত্তর পাসসহ ঋণ কার্যক্রমে নূন্যতম ১৫-২০টি শাখা পরিচালনার ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে (MS word, excel & Internet Browsing) এ কাজ, সমন্বিত মাসিক রিপোর্ট তৈরী, মাসিক/ত্রৈমাসিক/ ষান্মাসিক ও বাৎসরিক পরিকল্পনা তৈরী করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৬ মাস শিক্ষানবীশকালীন সর্বসাকুল্যে বেতন ভাতা ৫৪,৩০০/- টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ভাতা ৬০,২১২/- টাকা। পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। আবেদনকারীর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |
| ২. সহকারী প্রোগ্রাম ম্যানেজার (মাইক্রোক্রেডিট)<br>গ্রেড- (IV), বয়স ঃ সর্বোচ্চ ৪৫ বছর।<br>পদ সংখ্যা- ৫ টি (পুরুষ)। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর পাস। ৬ মাস শিক্ষানবীশকালীন সর্বসাকুল্যে বেতন ভাতা ৪২,০০০/- টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ভাতা ৪৫,১৮৯/- টাকা। ঋণ কার্যক্রমে পিকেএসএফ এর অর্থায়নকৃত প্রতিষ্ঠানে উল্লেখিত পদে ন্যূনতম ৫টি শাখা পরিচালনার ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে MS word, excel & Internet Browsing) এ কাজ, সমন্বিত মাসিক রিপোর্ট তৈরী, মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক ও বাৎসরিক পরিকল্পনা তৈরী করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। আবেদনকারীর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |
| **৩. শাখা ব্যবস্থাপক (মাইক্রোক্রেডিট)**<br>**গ্রেড- (VI), বয়স ঃ সর্বোচ্চ ৪৫ বছর।**<br>**পদ সংখ্যা- ১৫ টি (পুরুষ)।** | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর পাস। পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে শাখা ব্যবস্থাপক হিসাবে ন্যূনতম ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৬ মাস শিক্ষানবিশকালীন সর্বসাকুল্যে বেতন ভাতা ৩৫,৫০০/- টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ভাতা ৩৯,২৪৮/- টাকা। কম্পিউটারে (MS word, excel & Internet Browsing) এ কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। আবেদনকারীর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |
| **৪. শাখা হিসাব রক্ষক (মাইক্রোক্রেডিট)**<br>**গ্রেড-(VII), বয়স ঃ সর্বোচ্চ ৩৫ বছর।**<br>**পদসংখ্যা ঃ ১৫ টি।** | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্যে স্নাতক/স্নাতকোত্তর পাস। শিক্ষানবীশকালীন ৬ মাস সর্বসাকুল্যে বেতন ভাতা ২৬,৫০০/-টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ভাতা ২৯,৮১০/- টাকা। কম্পিউটারে (MS word, excel) সম্পর্কে পরিষ্কার ধারণা থাকতে হবে। পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। আবেদনকারীর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |
| ৫. ক্রেডিট অফিসার (মাইক্রোক্রেডিট)<br>গ্রেড- (VIII), বয়স ঃ ২৫-৩৫ বছর।<br>পদসংখ্যা ঃ ৭৫ টি। | স্নাতক/সমমান। কম্পিউটারে (MS word, excel) জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষানবিশকালীন ৬ মাস সর্বসাকুল্যে বেতন ভাতা ২৫,৩০০/-টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ভাতা ২৬,৯১২/- টাকা। পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সকল শর্ত শিথিলযোগ্য। পুরুষদের ক্ষেত্রে বাই সাইকেল/মটর সাইকেল চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। |

**শর্তাবলী ঃ**

১। আগ্রহী প্রার্থীদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন, শিক্ষাগত যোগ্যতা ও ন্যাশনাল আইডি কার্ডের ফটোকপি, অভিজ্ঞতার সনদ, ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং **আগামী ০৪/০৬/২০২৬ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর নিম্ন ঠিকানায় দরখাস্ত আহবান করা যাচ্ছে। পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা পরীক্ষার সময় নগদে জমা দিতে হবে।**

২। চাকুরী স্থায়ীকরণের পর সংস্থার নীতিমালা অনুযায়ী বেতন ভাতা ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। সকল পদের জন্য বাৎসরিক ৩টি উৎসব ভাতা, ইনসেন্টিভ বোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, অসুস্থতা ও মাতৃত্বকালীন ছুটি স্ববেতনে ৬ (ছয়) মাস, অর্জিত ছুটির বিপরীতে ভাতা, কল্যাণ তহবিল সুবিধা ও সংস্থা প্রদত্ত অন্যান্য সুবিধা প্রদান করা হবে।

৩। যোগদানের সময় সংস্থার অনুকূলে ১, ২ ও ৩ নং পদের জন্য ১০,০০০/- টাকা, ৪ ও ৫ নং পদের জন্য ৮,০০০/- টাকা জামানত (ফেরতযোগ্য) হিসাবে জমা দিতে হবে, যার বিপরীতে নির্ধারিত হারে সুদসহ প্রদান করা হবে।

৪। **অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বের চাকুরীস্থলের ছাড়পত্র এবং স্মারক ও তারিখ সহ অভিজ্ঞতার মূল সনদ প্রদর্শন করতে হবে।**

৫। প্রার্থীদের মোটর সাইকেল/বাই সাইকেল চালানো জানতে হবে। নিজস্ব মোটর সাইকেল/বাই সাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

৬। সরাসরি যোগাযোগের জন্য আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই যে কোন দরখাস্ত বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৭। আরডিএস এর চাকুরী থেকে অব্যাহতি পেয়েছে অথবা চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

৮। অধ্যয়নরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

সংস্থা সম্পর্কে বিস্তারিত জানার জন্য সংস্থার ওয়েবসাইট www.rds-bd.org ভিজিট করুন। নিম্নোক্ত ঠিকানা হতে সরাসরি তথ্য সংগ্রহ করা যাবে। দরখাস্ত পাঠানোর ঠিকানা- **প্রধান নির্বাহী কর্মকর্তা, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), ৪৯ গৃর্দ্দানারায়নপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০।**